প্রাথমিক ইংরেজি (প্রথম – অষ্টম)

# এক সাথে পড়া

# Shared reading






ভারতে বিদ্যালয় ভিত্তিক সহায়তার ভিত্তিতে শিক্ষকের জন্য শিক্ষা

www.TESS-India.edu.in

http://creativecommons.org/licenses/

*TESS-ইন্ডিয়া (টিচার এডুকেশন থ্রু স্কুল বেসড সাপোর্ট)-এর লক্ষ্য হল শিক্ষার্থী-কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদক্ষেপের উন্নতিতে শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস (OERs )-এর সম্পদগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের রীতিগুলিকে উন্নত করা। TESS-ইন্ডিয়া OERs শিক্ষকদের স্কুলের পাঠ্যবইয়ের সহায়িকা প্রদান করে। এগুলি শিক্ষকদেরকে তাঁদের শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য অ্যাক্টিভিটি প্রদান করে, আর একই সাথে কিছু কেস স্টাডি প্রদান করে যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে যোগসূত্র স্থাপন করেছে যাতে শিক্ষকদেরকে তাঁদের পাঠের পরিকল্পনা ও বিষয়জ্ঞানকে উন্নত করতে সাহায্য করা যায়।*

*ভারতীয় পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য TESS-ইন্ডিয়া OERs সহযোগীতামূলক ভাবে ভারতীয় এবং আর্ন্তজাতিক লেখকদের দ্বারা লেখা হয়েছে এবং এটি অনলাইনে এবং ছাপার ব্যবহারের জন্য উপলব্ধ আছে (http://www.tess-india.edu.in/) । OERs অনেক সংস্করণে পাওয়া যায়, এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা এবং প্রসঙ্গ পূরণ করতে OERsকে ব্যবহারকারীদের গ্রহণ এবং স্থানীয় ভাষায় অনুবাদ করতে আমন্ত্রণ করা হয়।*

*TESS-ইন্ডিয়া দি ওপেন ইউনির্ভাসিটি UK দ্বারা পরিচালিত এবং UK সরকার আর্থিক বিনিয়োগ করেছে।*

***ভিডিও সম্পদসমূহ***

*এই ইউনিটে কিছু কার্যক্রমের সঙ্গে নিম্নলিখিত আইকনগুলি আছে:*  *। এর অর্থ হল যে নির্দিষ্ট শিক্ষাদান সক্রান্ত থিমের জন্য TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ দেখা আপনার পক্ষে সহায়ক হবে।*

*TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ ভারতের ক্লাসঘরের বিবিধ প্রকারের পরিপ্রেক্ষিতে মূল শিক্ষাদানসংক্রান্ত কৌশলগুলি চিত্রিত করে। আমরা আশা করি সেগুলি আপনাকে অনুরূপ চর্চা নিয়ে পরীক্ষা করতে সাহায্য করবে। সেগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক ইউনিটের মাধ্যমে আপনার কাজের অভিজ্ঞতা বাড়ানো ও পরিপূর্ণ করা, কিন্তু আপনি যদি সেগুলি পেতে অসমর্থ হন, সেই ক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।*

*TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদগুলি অনলাইনে দেখা যায় বা TESS-ইন্ডিয়া ওয়েবসাইট, (http://www.tess-india.edu.in/) থেকে ডাউনলোড করা যায়। অন্যথায় আপনি একটি সিডি বা মেমরি কার্ডে ভিডিওগুলি পেতে পারেন।*

*সংস্করণ 1.0 EE06v1*

*West Bengal*

*তৃতীয় পক্ষের উপাদানগুলি বা অন্যথ্যায় বর্ণিত না হলে এই সামগ্রীর্ম একর্ম ক্রিয়েমর্ভ মকন্স*

*অ্যাট্রিবিউশন্-শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্দ:* http://creativecommons.org/licenses/by-sa/3.0/

*TESS-India is led by The Open University UK and funded by UK aid from the UK government*

# এই ইউনিটের বিষয়বস্তু

এক সাথে পড়ার কাজটি সুসম্পন্ন করার জন্য এই ইউনিটটি একটি মুখ্য রুটিন প্রবর্তন করেছে। এই ইউনিট পঠন-পরবর্তী ক্ষমতার হারও পরীক্ষা করে।

এক সাথে পড়ার ক্ষেত্রে, আপনি শ্রেণিকক্ষে অথবা একদল শিক্ষার্থীদের সামনে একটি বড় বই বা পাঠ্য থেকে উচ্চস্বরে পড়ুন যাতে প্রত্যেকে অক্ষর/শব্দগুলো দেখতে পায়। এক সাথে পড়া কথ্য ভাষা এবং লেখার মধ্যে সমন্বয়কে কেন্দ্রবিন্দু করে। আপনি যখন উৎসাহ এবং অভিব্যক্তির সাথে শিক্ষার্থীদের সম্মুখে উচ্চস্বরে পড়বেন আপনি প্রদর্শন করবেন যে, কীভাবে সাবলীলভাবে পড়তে হয়। আপনি শিক্ষার্থীদের লিখিত পাঠ্য এবং পঠন পদ্ধতির প্রতি মনোযোগ দেবেন। আপনি সকল শিক্ষার্থীকে মৌখিকভাবে অংশগ্রহণ করার জন্য উৎসাহ দিয়ে, পড়া উপভোগের দিকেও দৃষ্টি দেবেন।

শ্রেণিকক্ষে উচ্চস্বরে পড়া এবং শিক্ষার্থীদের সাথে দলগতভাবে পড়া, আপনার নিজস্ব ইংরেজি ভাষার দক্ষতা উন্নত করতে সহায়তা করবে। এক সাথে পড়া বাংলা এবং অন্যান্য ভাষাতে পড়ার ব্যাপারটি শেখানোতে কার্যকর হয়।

# এই ইউনিটে আপনি কী শিখতে পারেন

- ইংরেজিতে এক সাথে পড়ার অভ্যাস করা।
- ইংরেজিতে এক সাথে পড়ার জন্য একটি বড় বই তৈরি করা।
- পঠন-পরবর্তী সাক্ষরতার কার্যাবলী পরিকল্পনা।

# 1 এক সাথে পড়ার প্রবর্তন

এক সাথে পড়ার জন্য ব্যবহৃত একটি কবিতা খোঁজা শুরু করুন।

## অ্যাক্টিভিটি 1: এক সাথে পড়া

এক সাথে পড়ার অর্থ এই যে, আপনি আপনার শিক্ষার্থীদের পাঠ্যবই পড়াতে নেতৃত্ব দেবেন। পড়াতে আপনি একজন আদর্শ অনুকরণযোগ্য ব্যক্তি। শিক্ষার্থীরা অবশ্যই আপনার সাথে পাঠ্যবই দেখতে এবং অনুসরণ করতে সমর্থ হবে।

এক সাথে পড়াতে, আপনি:

- আপনার সকল শিক্ষার্থীদের আপনার মত পাঠ্যবই পড়ার জন্য অনুকরণ করতে উৎসাহ দেবেন, আপনার হাতের আঙুল বা সম জাতীয় কোনও কিছুকে নির্দেশক হিসেবে ব্যবহার করে।
- শিক্ষার্থীদের আপনার পড়ার সঙ্গে যোগদান করান, আপনার পরে পুনরাবৃত্তি করান অথবা একসঙ্গে পড়ান।
- কীভাবে অভিব্যক্তির সঙ্গে পড়া হবে তার মডেল উপস্থাপন করুন।
- কীভাবে পড়তে হয় এবং নতুন শব্দ উচ্চারণ করতে হয় তার প্রদর্শন করুন।
- বর্ণ, শব্দ এবং বাক্যগুলি গঠনের দিকে দৃষ্টি রাখুন, কিন্তু সবসময় সামগ্রিক অর্থ রক্ষণ এবং আনন্দ বজায় রাখুন।

একটি বড় কাগজের টুকরোতে লেখা চিত্র 1 এর কবিতাটি দেখুন। এটি একজন শিক্ষক দ্বারা দ্বিতীয় শ্রেণির শিক্ষার্থীদের জন্য তৈরি করা হয়েছে। এটি উচ্চস্বরে পড়ুন।




**চিত্র 1** একটি এক সাথে পড়া কবিতা

## চিন্তার জন্য সাময়িক বিরতি

- শিক্ষক এবং শিক্ষার্থীরা কবিতার শূন্যস্থানে কী শব্দ ব্যবহার করে বাক্যগুলোকে অর্থবহ করে তুলতে পারে?
- কবিতায় শিশুদের নাম থাকাতে কি প্রভাব পড়তে পারে।
- শিক্ষক কেন 'আই, 'টু, 'স্কুল' এবং 'দি' শব্দগুলির উপর আলোকপাত করেছেন বলে মনে করেন?
- কমবয়সী ছাত্রদের সহিত উচ্চস্বরে পড়াটা কি উপভোগ্য হবে বলে মনে করেন?
- আপনি কি মনে করেন যে, এই কবিতাটি এক সাথে পড়ার জন্য সকল শিক্ষার্থীকে তাদের ক্ষমতা নির্বিশেষে অন্তর্ভুক্ত করা যায়?
- শিক্ষার্থীদের কবিতাটি সাজাতে দিলে তার কি প্রভাব হতে পারে?

আপনি এক সাথে পড়ার জন্য যে কোনো বিষয়ের পাঠ তৈরি করতে পারেন, যেমন শরীরের অঙ্গপ্রত্যঙ্গ, সংখ্যা, একটি ইতিহাস বা ভূগোলের বিষয়, অথবা একটি গানের শব্দসমূহ। চিত্র 2−এ হাতে তৈরি উদাহরণ দেখুন।




**চিত্র 2** রামধনুকে বিষয় হিসাবে ব্যবহার করে এক সাথে পড়া

আপনি যদি এমন একজন শিক্ষক হন যিনি সকল বিষয় পড়ান, এক সাথে পড়ার বিষয়টি বিষয়জ্ঞান এবং ভাষার দক্ষতা দুটিই উন্নত এবং শক্তিশালী করতে পারেন।

# 2 এক সাথে পড়ার জন্য একটি পাঠ নির্বাচন

কেস স্টাডি 1, একজন শিক্ষক একটি সহজ গল্প থেকে এক সাথে পড়ার ব্যবস্থা করেন।

## কেস স্টাডি 1: মহুয়া দিদিমনি এক সাথে পড়ার ব্যবস্থা করেন।

*মহুয়া দিদিমনি পশ্চিমবঙ্গের একজন তৃতীয় শ্রেণির শিক্ষক।*

প্রথমে আমি একটি বড় বই তৈরি করি, যাতে আমার শিক্ষার্থীরা শব্দ এবং ছবিগুলি সহজেই দেখতে পায়। একটি গল্প ছিল 'একটি ছোট লাল মুরগি' এবং আমি গত সপ্তাহে তাদের এই গল্পটি বলেছিলাম, তাই শিক্ষার্থীরা ইতিমধ্যেই গল্পটির সাথে পরিচিত ছিল। (আপনি এই গল্পটি সম্পদ 1–এ দেখতে পাবেন।)

আমার চারপাশের শিক্ষার্থীদের সকলেরই সব পৃষ্ঠাগুলি দেখতে পাওয়া নিশ্চিত করার জন্য আমি তাদের দলবদ্ধ করেছিলাম। আমার শ্রেণিতে অনেকগুলি মরসুমি অভিবাসী শ্রমিকদের শিশুরা আছে, যারা প্রায়ই অনুপস্থিত থাকে। আমি তাদের দলের প্রথমে রাখতাম এটা নিশ্চিত করতে যাতে তারা দলে অন্তর্গত হয় এবং যাতে আমি তাদের অংশগ্রহণ পর্যবেক্ষণ করতে পারি।

পড়ার আগে, আমরা যে একসঙ্গে একটি বই পড়ব সেটি ব্যাখ্যা করতাম। আমি তাদের প্রচ্ছদটি দেখাতাম এবং তাদের মনে করিয়ে দিতাম যে, তারা ইতোমধ্যেই গল্পটি শুনেছে। আমি তাদের জিজ্ঞাসা করতাম যে, তারা এই বিষয়ে কিছু মনে করতে পারছে কি না। তারা একজন বা দুজন চরিত্রের নাম বলত যেটা তাদের মনে পড়ত।

আমি তখন তাদের আমার আঙুলটিকে অনুসরণ করতে বলতাম যেহেতু আমি সেটিকে বইতে শব্দটির নীচে নিয়ে যেতাম, তারাও আমাকে শুনত এবং আমার সাথে উচ্চস্বরে পড়ত। আমি দেখতাম যাতে তারা বইটির শিরোনামের সাথে অভ্যাস করতে করতে

নির্দেশাবলী বুঝতে পারে।

আমি শিক্ষার্থীদেরকে প্রশ্ন করতাম, 'তোমরা কি প্রস্তুত?' তারপর আমি প্রথম পাতা খুলতাম, আমার আঙুলটির সাথে অনুসরণ করে পাঠটি ধীরে ধীরে এবং পরিষ্কারভাবে পড়তাম। শিক্ষার্থীরা প্রথমে একটু ইতস্তত করত, কিন্তু পরে এক দুইজন আমাকে অনুসরণ করতে শুরু করল, অন্যরাও যোগ দিল, এবং তারা প্রতিটি নতুন পৃষ্ঠার সাথে আরও আত্মবিশ্বাসী হয়ে উঠতে লাগল। শব্দগুলির উচ্চারণের ক্ষেত্রে গুরুত্ব আরোপ করার জন্য, আমি স্বরভঙ্গি কিছুটা অতিরঞ্জিত করতাম, প্রতিটি চরিত্রকে মানানসই করার জন্য আমি কণ্ঠ পরিবর্তন করতাম। যেখানে পারতাম, আমি কিছু অঙ্গভঙ্গী করতাম যাতে শিক্ষার্থীরা পড়ার সময় সেটিকে অনুসরণ করতে পারে, যেমন তাদের মাথা নাড়ানো বা হেলান, অথবা তাদের হাত আন্দোলিত করা।

যেহেতু শিক্ষার্থীরা এক  সাথে  পড়ায় একদম নতুন ছিল, আমি মূলত গল্পের এবং এর চরিত্রগুলির অগ্রসরতার দিকে নজর দিতাম, যাতে সেটি তাদের মনোযোগ আকর্ষণ করতে পারে এবং গল্পের গতিটিকে ধরে রাখতে পারে। কখনও কখনও আমরা পৃষ্ঠাটি পড়া শুরু করার আগে থামতাম এবং আমি একটি চরিত্র বা ছবির দিকে নির্দেশ করতাম এবং তাদের জিজ্ঞাসা করতাম, 'ইনি কে', 'ওইটি কি?' অথবা 'ইনি কি করছেন?', এবং শিক্ষার্থীরা উত্তর দিত। তারা পুরোপুরি ঠিক উত্তর দিচ্ছে কি না, সেটি ততটা গুরুত্বপূর্ন ছিল না। আমার লক্ষ্য ছিল, তাদের অংশগ্রহণ করাকে উৎসাহ দেওয়া এবং পড়াতে তাদের আত্মবিশ্বাস গঠন করা। গতি পরিবর্তন করার জন্য এবং রহস্যময়তা সৃষ্টি করার জন্য, ধীরেসুস্থে পরবর্তী পৃষ্ঠা ওলটানোর আগে  আমি তাদেরকে বলতাম, 'তারপর কি হবে বলে মনে কর?'

গল্পটিতে শব্দগুচ্ছের পুনরাবৃত্তি রয়েছে। দ্বিতীয় বা তৃতীয় পুনরাবৃত্তিতে, আমি প্রথমে একটু থামতাম এবং শিক্ষার্থীরা নিজেরাই সেই শব্দগুচ্ছগুলি বলত। এটি করে তারা খুব আনন্দ পেত, তারা এটিকে এক ধরণের খেলা হিসেবে দেখত।

আমরা যখন বইটি শেষ করতাম, আমি এই বিষয়ে শিক্ষার্থীদেরকে কয়েকটি প্রশ্ন করতাম। আমি শিক্ষার্থীদের মধ্য থেকে কজনকে বেছে নেওয়ার এবং উত্তর দেওয়ানোর পরিবর্তে যারা উত্তরটি জানে তাদের হাত তুলতে বলতাম। এটি আমাকে একটি ধারণা দিত যে, তারা গল্পটি কতটা অনুসরণ করেছে। যেখানে প্রয়োজন, আমি তাদের উত্তর ইংরেজিতে এবং তাদের নিজস্ব ভাষাতে প্রকাশ করতাম। আমি তাদের অবদানকে স্বাগত জানাতাম। যদি তারা খুব আগ্রহী হত, আমি তাদের মনে করিয়ে দিতাম একে অন্যকে শোনার জন্য এবং তাদের পালার জন্য অপেক্ষা করতে।

## চিন্তার জন্য সাময়িক বিরতি

- মহুয়া দিদিমনি  এক  সাথে  পড়ার ক্ষেত্রে তার শিক্ষার্থীদেরকে প্রস্তুত করার জন্য কি করতেন?
- এক  সাথে  পড়ার সময় তাদের মনোযোগ ধরে রাখতে তিনি কি পদ্ধতি ব্যবহার করতেন?
- তিনি কীভাবে তারা যেটি একসাথে পড়েছে সেটির সম্পর্কে বোধের মূল্যায়ন করতেন?
- তার শিক্ষনের মধ্যে কোনও বিশেষ কিছু কি আপনি পছন্দ করেন? কোনও একটি কিছু আপনি কি অন্যভাবে করতেন?
- এক  সাথে  পড়া কীভাবে প্রান্তিক দলের শিশুদেরকে অন্তর্ভুক্ত করতে সহায়তা করে বলে আপনি মনে করেন?

মহুয়া দিদিমনি তার শিক্ষার্থীদের গল্পের মধ্যে অন্তর্ভুক্ত করতে এবং তাদের শেখাকে সহায়তা করতে তাঁর শিক্ষনে বেশ কিছু সংখ্যক পদ্ধতি ব্যবহার করতেন। ইতিমধ্যে আপনি আপনার শিক্ষার্থীদের সাথে এর মধ্যে কিছু পদ্ধতি ব্যবহার করে থাকতে পারেন, অথবা সবকটি পদ্ধতিই আপনার কাছে নতুন মনে হতে পারে। সকল পদ্ধতিগুলিই শ্রেণিকক্ষে করা সহজ এবং পরবর্তীতে আপনি এর মধ্যে কিছু পদ্ধতি আপনার শিক্ষার্থীদের সাথে প্রচেষ্টা করে দেখতে পারেন। এইগুলি প্রথমবার ব্যবহার করার পর যদি তা সহজভাবে না চলে. তবে আশাহত হবেন না। আমাদের সকলের নতুন পদ্ধতিতে অভ্যাস করা প্রয়োজন – এটি আপনি এবং আপনার শিক্ষার্থীরা উভয়ের ক্ষেত্রেই প্রযোজ্য। অভ্যাসের পুনরাবৃত্তির সহিত, আপনি এবং আপনার শিক্ষার্থীরা দুজনেই এই নতুন পদ্ধতিগুলি ব্যবহার করে আরও বেশি আত্মবিশ্বাসী হয়ে উঠবেন এবং আপনার শিক্ষার্থীদের শিখন উন্নত হবে।

## অ্যাক্টিভিটি 2: এক সাথে পড়ার জন্য একটি পাঠ নির্বাচন করুন – একটি পরিকল্পিত কর্মপদ্ধতি।

যদি সম্ভব হয়, আপনার সহযোগী শিক্ষকের সাথে এটি করুন। এটি আপনার শিক্ষনের প্রস্তুতির জন্য আপনার জন্য একটি পরিকল্পিত কর্মপদ্ধতি।

একটি পাঠ নির্বাচন করুন, যেটি আপনি এক সাথে পড়ার জন্য ব্যবহার করতে পারেন। এটি একটি গল্প হতে পারে যেটি আপনি ইতিমধ্যেই বলেছেন, অথবা এটি অন্য একটি শ্রেণির পাঠ্যবই বা যে কোনো অন্য বই থেকে নেওয়া গল্প হতে পারে। এটি একটি ছোট কবিতা হতে পারে, অথবা এটি একটি বিষয়ভিত্তিক কিছু হতে পারে, উদাহরণস্বরূপ, এটি একটি জলচক্রের বিষয়ে সহজ পাঠও হতে পারে। যদি আপনি একটি গল্প বা কবিতা নির্বাচন করেন, এমন একটি স্থান নির্বাচন করুন যেখানে শিক্ষার্থীরা শব্দ বা বাক্যাংশগুলি পুনরাবৃত্তি করতে পারে এবং আপনার সাথে যোগ দিতে পারে।

আপনি আপনার কল্পনা থেকেও আপনার নিজস্ব গল্প বা কবিতা তৈরি করতে পারেন। যখন আপনি এটা করেন, আপনি শিক্ষার্থীদের নামগুলি এবং স্থানীয় পরিচিত স্থানগুলির নাম প্রয়োগ করুন।

পাঠটির দৈর্ঘ্য সংক্ষিপ্ত হওয়া উচিত, এবং প্রকৃত বর্ণনা দশ মিনিটের বেশি হওয়া উচিত নয়। পাঠটির জন্য মাপকাঠি বিবেচনা করুন, উদাহরণস্বরূপ:

- শিক্ষার্থীদের আগ্রহ এবং পটভূমি
- শিক্ষার্থী অথবা বিষয়ের সাথে আপনার নিজের পরিচিতি
- শিক্ষার্থীদের অথবা আপনার ইংরেজী ভাষায় আত্মবিশ্বাস
- স্থানীয় জনগণ, পরিচিত স্থানগুলি অথবা ঘটনাসমূহ
- স্থানীয় ভাষা – আপনি যে পাঠটি এক সাথে পড়বেন সেটিতে ইংরেজি এবং অন্যান্য ভাষার মিশ্রণ থাকতে পারে।
- সম্ভাব্য ছকগুলি এড়িয়ে যাওয়া অথবা আলোচনা করা।

উদাহরণস্বরূপ উপযোগী গল্পগুলির জন্য সম্পদ 1 দেখুন।

আপনি যখন আপনার পাঠ নির্বাচন করবেন, এটি আপনার সহযোগী শিক্ষকদের অথবা আপনার পরিবারের সাথে উচ্চস্বরে পড়া অভ্যাস করুন। মনে রাখবেন, এটি উচ্চস্বরে এবং একটি ধারাবাহিক গতিতে পড়ার জন্য আপনি দশ মিনিটের বেশি নেবেন না।

সম্পদ 2 দেখুন, 'পাঠ পরিকল্পনা', শ্রেণিকক্ষ সংগঠন এবং আপনার শিক্ষার্থীদের জন্য পরিকল্পনার বিষয়ে আরও শিখুন।

# 3 একটি বড় বই তৈরি এবং ব্যবহার করা

পরবর্তী কার্যক্রমে আপনি আপনার পাঠগুলিকে নিয়ে নির্বাচিত একটি বড় বই তৈরি করবেন।

## অ্যাক্টিভিটি 3: একটি বড় বই নির্মাণ – একটি পরিকল্পনামূলক কার্যক্রম।

এটি আপনার শিক্ষন প্রস্তুতি তৈরি করার জন্য একটি কার্যক্রম।

দীর্ঘ পাঠ এবং চিত্রনের সহিত একটি বড় বই হল একটি ভালো সম্পদ যেটি শিক্ষার্থীদের পক্ষে অনুসরণ করা সহজ। শিক্ষার্থীরা তাদের পছন্দের একটি গল্পের অনুকরণ এবং চিত্রন করতে অথবা তাদের নিজস্ব গল্প বা কবিতা তৈরি করে তাদের নিজস্ব বড় বই তৈরি করতে উপভোগ করবে।

আপনি সম্পূর্ন শ্রেণির সাথে একটি বড় বই ব্যবহার করতে পারেন অথবা আপনি একটি দলকে একটি বড় বই দিতে পারেন এবং একজন বা দুইজন সক্ষম বা বড় শিক্ষার্থীদেরকে পড়াটিতে নেতৃত্ব দেওয়ার জন্য নিয়োগ করতে পারেন।

1. অ্যাক্টিভিটি 2–এ এক সাথে পড়ার জন্য, যে পাঠটি নির্বাচন করেছেন সেটি নিন।
2. পাঠটিকে দুই থেকে তিনটি বাক্য নিয়ে বিভিন্ন অংশে ভাগ করুন।
3. এই অংশগুলির প্রত্যেকটি বড় কাগজের টুকরোতে লিখে কপি করুন। একটি কাগজের টুকরোতে দুই থেকে তিনটি বাক্যের বেশি লিখবেন না।
4. উপযুক্তভাবে প্রতিটি কাগজকে চিত্রিত করা। আপনি ছবিগুলিকে এটিতে লাগাতে পারেন অথবা শিক্ষার্থীদেরকে এই চিত্রণগুলি করতে বলতে পারেন।
5. একটি গল্পের জন্য একটি আকর্ষণীয় প্রচ্ছদ অঙ্কন করতে পারেন, অথবা এই গল্পটি পড়ার পর শিক্ষার্থীদেরকে সেটি করতে আমন্ত্রণ জানাতে পারেন।
6. প্রচ্ছদের সহিত সকল কাগজগুলিকে একত্র করে সেটি সংযুক্ত করতে পারেন।

পুনর্ব্যবহৃত উপকরণ থেকে আপনি আপনার বই রাখার জন্য একটি স্ট্যান্ড তৈরি করতে পারেন।

চিত্র 3-এ শিক্ষককে তার স্ট্যান্ডের সাথে দেখুন। তিনি পুরু ও শক্ত কাগজ দিয়ে বড় বই রাখার জন্য একটি স্ট্যান্ড তৈরি করেছেন।



## অ্যাক্টিভিটি 4: আপনার শিক্ষার্থীদের সহিত আপনার বড় বইটি ব্যবহার করুন।

এখন বড় বইটি উচ্চস্বরে ধীরে ধীরে এবং পরিষ্কারভাবে পড়া অভ্যাস করুন। উৎসাহ এবং অভিব্যক্তির সহিত পড়ুন। যদি সম্ভব হয়, আপনি নিজের পড়াটি রেকর্ড করুন (এইজন্য আপনি আপনার মোবাইল ফোনটি ব্যবহার করতে পারেন), অথবা আপনার সহকর্মী বা আপনার পরিবারের একজন সদস্যের সম্মুখে উচ্চস্বরে পড়ুন।

আপনার হাতের আঙুল বা একটি নির্দেশক দন্ড দিয়ে আপনি যেমনভাবে পড়ছেন তেমনভাবে প্রত্যেকটি শব্দ নির্দেশ করুন। আপনার হাতের আঙুল বা নির্দেশক দন্ডটি শব্দগুলির নীচে চালনা করুন, যাতে শিক্ষার্থীরা আপনার পড়া প্রত্যেকটি শব্দ দেখতে সক্ষম হয়।

উচ্চস্বরে গল্পটি বা কবিতাটি পড়ার পূর্বে আপনি যে শব্দভাণ্ডার প্রবর্তন করতে চান তার একটি তালিকা তৈরি করুন। আপনি কীভাবে এই শব্দগুলি প্রবর্তন করতে চান? আপনি কি ছবির কার্ড ব্যবহার করবেন, বাংলা বা স্থানীয় কোন ভাষাতে কি তাদের অর্থ ব্যাখ্যা করবেন? যে কোনো নির্দিষ্ট ভাষার নির্দিষ্ট বিষয়বস্তু নোট করুন, যেসব কাজের দিকে আপনি দৃষ্টি দেবেন, যেমন:

- চরিত্র বর্ণনসমূহ
- বর্ণ এবং শব্দ
- শব্দের মিল করা
- নতুন শব্দভাণ্ডার
- শব্দ চিহ্নিত করনের উপর জোর দেওয়া
- বাক্য গঠন এবং ব্যাকরণ
- নতুন ধারণাসমূহ।

আপনি পাঠটি কীভাবে শিক্ষার্থীদের সম্মুখে পড়বার জন্য উপস্থাপন এবং সংগঠন করবেন সেই সম্পর্কে ভাবুন।

পাঠটিতে নির্দিষ্ট বিষয়বস্তুগুলি চিহ্নিত করুন যেখানে আপনি থামবেন এবং শিক্ষার্থীদেরকে একটি শব্দ অনুমান করতে বলবেন বা শব্দমিল করতে অথবা এরপর কি হবে জিজ্ঞাসা করবেন।

আপনি পড়া শেষ করার পর শিক্ষার্থীদের বোধশক্তিকে কীভাবে মূল্যায়ন করবেন?

পুরো শ্রেণিকক্ষ বা ছোট ছোট দলে সারা সপ্তাহ ধরে এক সাথে পড়ার সময় আপনার বড় বইটি ব্যবহার করতে পারেন। আপনার শিক্ষার্থীরা কি এই কার্যক্রম উপভোগ করেছিল? আপনি কি এই বড় বইটি ব্যবহার করা উপভোগ করছিলেন? সকল শিক্ষার্থীরা কি এই বড় বইটি দেখতে এবং আপনার পড়া শুনতে পাচ্ছিল?

শিক্ষার্থীদের বোধ মূল্যায়ন করার একটি কার্যকর উপায় হল তাদের পুনরায় পাঠটি পড়তে বলা। শিক্ষার্থীরা এটি যুগ্মভাবে, ছোট ছোট দলে অথবা ব্যক্তিগতভাবেও করতে পারে। এটি শিক্ষার্থীদেরকে ইংরেজিতে কথা বলা অভ্যাস করার সুযোগ দেয়। বড় এবং আরও উপযুক্ত শিক্ষার্থীরা তাদের বোধ সম্পর্কে লিখতেও পারে।

# 4 পঠন-পরবর্তী কার্যক্রম ব্যবহার

এক সাথে পড়া থেকে সর্বাধিক উপকৃত হতে, শিক্ষার্থীদেরকে গল্পটি বা কবিতাটি সংক্রান্ত পঠন-পরবর্তী কার্যক্রম দেওয়াটি ভালো অভ্যাস। এই কার্যক্রমটি ভাষা শিক্ষাকে একটি উপভোগ্য উপায়ে শক্তিশালী করে। শিক্ষার্থীরা এই কার্যক্রমটি সারা সপ্তাহ ধরে করতে পারে।

## অ্যাক্টিভিটি 5: পঠন-পরবর্তী কার্যক্রম

সম্পদ 3–এর বিষয়বস্তুটি পড়ুন। এইগুলি হল শিক্ষার্থীদের পঠন-পরবর্তী কার্যক্রমের উদাহরণ। এইগুলির মধ্যে একটি সম্পদকে নির্বাচন, আত্মীকরণ এবং প্রস্তুত করুন, আপনার নির্বাচিত পাঠ্যের উপর ভিত্তি করে বা অন্য পাঠ থেকে এক সাথে পড়ুন।

এটি শিক্ষার্থীদের জন্য একটি ভালো অভ্যাস, যাতে দেখাতে পারেন আপনি কীভাবে তাদেরকে দিয়ে কাজটা করাতে চান বা কাজটা সম্পূর্ণ করতে চান। আপনার নির্বাচিত কার্যক্রমটিকে কীভাবে উপস্থাপন করতে চান?

যখন আপনি এক সাথে পড়ার কার্যক্রমের পরে আপনার শ্রেণির সহিত কাজ করেন, এই প্রশ্নগুলি চিন্তন মনন করুন:

- আপনার সমস্ত ছাত্রছাত্রী কি অংশ নিয়েছিল?
- এই কার্যক্রমটি কি আপনাকে তাদের শিখনের মূল্যায়ন করতে সহায়তা করবে?
- এমন কিছু শিক্ষার্থী আছে কী যারা তাদের শিখনের উন্নতি করতে পারেনি?
- আপনি চেষ্টা করুন কীভাবে এই সকল শিক্ষার্থীদেরকে পরবর্তী পড়ার অনুশীলনে সহায়তা করা যায় – আপনার কি ভিন্ন ধরণের অথবা আরও একটু সহজ বা কঠিন পাঠ নির্বাচন করা উচিত?

ভিডিও: পাঠ পরিকল্পনা

# 5 সারসংক্ষেপ

এই ইউনিটে আপনি এক সাথে পড়া বিষয়টি সম্বন্ধে অবহিত হলেন। এক সাথে পড়াতে মূল উদ্দেশ্য হল, বিশেষ পড়ার কৌশলের সাথে নতুন শব্দ পড়া ছাড়াও, বোধ, সামগ্রিক অর্থ এবং উপভোগ করা। এক সাথে পড়া মৌখিক ভাষা এবং লেখার প্রতি মনোযোগ নিবদ্ধের মধ্যে সমন্বয় সাধন করে। এই ইউনিট পঠন-পরবর্তী শিক্ষা কার্যক্রমও প্রবর্তন করেছে।

আমরা আশা করি যে, আপনি একটি বড় বই তৈরি করার জন্য এবং সেটি আপনার শিক্ষার্থীদের সাথে ব্যবহার করার সুযোগ পেয়েছেন। যখন আপনি আপনার নিজস্ব পড়ার উপকরণ তৈরি করেন, আপনি আপনার শ্রেণিকক্ষে একটি সস্তা গ্রন্থাগার নির্মাণ করা শুরু করেন।

এই বিষয়ে অন্যান্য প্রাথমিক ইংরেজি শিক্ষক উন্নয়ন ইউনিটগুলি হলঃ

- *ইংরাজির বর্ণ এবং ধ্বনি*
- *গল্প বলা*
- *একটি পাঠ বিষয়ক পরিকল্পনা গঠন করা*
- *পড়ার উন্নতি করা এবং পর্যবেক্ষণ করা*
- *পড়ার পরিবেশকে উৎসাহিত করা।*

# সম্পদসমূহ

## সম্পদ 1: এক  সাথে  পড়ার জন্য গল্পগুলির উদাহরণ

যে গল্পটি পাঠকে পুনরাবৃত্তি করে সেটিই এক  সাথে  পড়ার জন্য ভালো। শিক্ষার্থীরা পুনরাবৃত্তি উপভোগ করে এবং দ্রুত দলবেঁধে পড়া শুরু করে।

### Example 1: 'A Little Red Hen'

A red hen and her three chicks lived on a farm.

A cat, a dog and a pig lived on that farm too.

One day a chick saw something on the ground.

'What is this?' the chick asked the hen.

'This is ragi. We will plant them,' said the red hen.

'Please help me, cat,' the hen said to the cat.

'No,' said the cat. 'I am playing.'

'Please help me, pig,' the hen said to the pig.

'No,' said the pig. 'I am tired.'

'Please help me, dog,' the hen said to the dog.

'No,' said the dog. 'I am sleepy.'

'Then I will plant it,' said the hen.

The ragi plant grew big. It was time to cut the ragi.

'Please help me, cat,' said the hen.

'No,' said the cat. 'I am playing.'

'Please help me, dog,' said the hen.

'No,' said the dog. 'I am sleepy.'

'Please help me, pig,' said the hen.

'No,' said the pig. 'I am tired.'

'Then I will cut the ragi,' said the hen.

The hen and the chicks sat down to eat ragi.

Now the cat, the pig and the dog were hungry.

'Please give me some ragi, hen,' said the cat.

'Please give me some ragi, hen,' said the pig.

'Please give me some ragi, hen,' said the dog.

'No,' said the hen. 'No work, no ragi.'

The hen and the chicks ate the ragi. They were very happy.

## Example 2: 'Sharma's Present'

**Sharma's present**

There was a teacher named Sharma. He lived in a village named Sripur.



All the children came to school every day at 9 o'clock. But Sharma was always late.



Sharma never woke up on time. He ran to school every morning. The children near his house came out and laughed.



But Sharma's students had to wait for their teacher every day, so they felt sad.



They thought of a plan to help their teacher to wake up early. The



children decided to give their teacher a present.



Sharma was very happy to get a present from his students. But what was the present? It was a cock.



Sharma named the cock Ramu. Ramu crowed loudly at sunrise every day. Sharma was able to get up on time.



Both the children and Sharma were very happy.

# সম্পদ 2: পাঠ পরিকল্পনা

## পরিকল্পনা এবং প্রস্তুতকরণ কেন গুরুত্বপূর্ণ

ভাল পাঠ পূর্ব পরিকল্পিত হতে হবে। পরিকল্পনা আপনার পাঠকে স্পষ্ট এবং সু-সময়যুক্ত / সময়োপযোগী করতে সহায়তা করে, ফলে শিক্ষার্থীরা সক্রিয় এবং আগ্রহী হতে পারে। কার্যকর পরিকল্পনায় কয়েকটি অন্তর্গঠিত প্রসারণীয়তা বা নমনীয়তা অন্তর্ভুক্ত থাকে যাতে শিক্ষকরা তাঁদের শিক্ষণে শিক্ষার্থীরা কি শিখছে, কীভাবে শিখছে তা দেখে, বুঝে তাৎক্ষণিকভাবে প্রতিক্রিয়া করতে পারেন। ধারাবাহিক কয়েকটি পাঠের পরিকল্পনা করার সময়, শিক্ষার্থীকে এবং তার পূর্বজ্ঞানকে জানতে হবে, কি করে পাঠক্রমের মধ্য দিয়ে এগোতে হবে তা জানতে হবে এবং সর্বোত্তম সম্পদ এবং কার্যকলাপের সন্ধান করতে হবে যা শিক্ষার্থীদের শিখন প্রক্রিয়ায় সহায়তা করবে।

পরিকল্পনা হল একটি চলমান প্রক্রিয়া (continual process) যা আপনাকে স্বতন্ত্র পাঠ (individual lesson) পরিকল্পনার পাশাপাশি পাঠগুলির একটি ক্রম (series of lessons) হিসাবে প্রস্তুত করতে সহায়তা করে এবং যাতে প্রত্যেকটি পাঠ পূর্ববর্তী পাঠের উপর ভিত্তি করে প্রস্তুত হয়।। পাঠ পরিকল্পনার পর্যায়গুলি হল:

- শিক্ষার্থীদের প্রগতির জন্য আপনার শিক্ষার্থীদের কী কী প্রয়োজন সে সম্পর্কে স্পষ্ট হওয়া
- কীভাবে শিক্ষাদান করলে শিক্ষার্থীরা বুঝতে পারবে এবং পঠন-পাঠন চলাকালীন আপনি যা দেখতে পাবেন, তার প্রতিক্রিয়া জানাতে, আপনি কীভাবে নমনীয় হবেন, তা স্থির করা (how to maintain flexibility to respond to what you find)।
- আপনার শিক্ষার্থীরা কী শিখেছিল এবং আপনার পাঠ কত ভালভাবে চলেছিল তা পর্যালোচনা করা ভবিষ্যত পাঠ পরিকল্পনার জন্য (looking back on how well the lesson went and what your students have learnt in order to plan for the future)।

## পাঠগুলির একটি ক্রম পরিকল্পনা

ক্রম পাঠ পরিকল্পনার প্রথম কাজ হল যে যখন কোন পাঠ্যক্রম আপনি অনুসরণ করছেন তার বিষয় ও প্রসঙ্গগুলিকে/ এককগুলিকে কত ভাল উপএকক/উপবিভাগ বা খণ্ডে বিভাজিত করা যায় তা দেখা। আপনার উপলভ্য সময় বিবেচনা করতে হবে পাশাপাশি শিক্ষার্থীদের প্রগতির জন্য উপায়গুলি ভাবতে হবে এবং ধীরে ধীরে দক্ষতা এবং জ্ঞান বাড়াতে হবে। আপনার অভিজ্ঞতা বা সহকর্মীদের সাথে আলোচনায় আপনি জানতে পারেন যে একটি এককে চারটি পাঠ নিতে হলেও অন্য এককে দুটি নিতে হতে পারে। ভবিষ্যতের পাঠগুলির জন্য যখন অন্যান্য প্রসঙ্গ আলোচনা হবে অথবা কোনো বিষয়ের আলোচনা সম্প্রসারিত হবে তখন আপনাকে পুরানো কোনো শিখনে ফেরত যাওয়া যায় সেই সম্পর্কে সচেতন থাকতে হবে।

সমস্ত পাঠের পরিকল্পনায় আপনাকে নিম্নলিখিতগুলি সম্পর্কে স্পষ্ট হতে হবে:

- আপনি শিক্ষার্থীদের কী শিখতে দিতে চান
- আপনি সেই শিখন কী ভাবে শুরু করাবেন
- শিক্ষার্থীদের কী করতে হবে এবং কেন করতে হবে

শিক্ষার্থীরা যাতে স্বস্তি অনুভব করে এবং কৌতুহলী হয় তার জন্য আপনি শিক্ষার্থীদের শিখনকে সক্রিয় ও মনোগ্রাহী করতে চাইবেন। পাঠগুলি জুড়ে শিক্ষার্থীদের কী জিজ্ঞাসা করা হবে তা বিবেচনা করুন এতে আপনি বৈচিত্র্য এবং আগ্রহ গঠন করতে পারবেন তবে নমনীয়তাও থাকতে পারে। পরপর পাঠগুলির উপস্থাপনের মাধ্যমে শিক্ষার্থীদের প্রগতির সাথে সাথে তাদের বোধ (understanding) কী ভাবে মূল্যায়ন করবেন তা পরিকল্পনা করুন। কয়েকটি ক্ষেত্রে বেশী সময় নেয় কিনা বা দ্রুত শেখা হয় কিনা সে সম্পর্কে নমনীয় হতে প্রস্তুত থাকুন।

## একক পাঠ পরিকল্পনা

আপনি পাঠগুলির একটি ক্রম পরিকল্পনা করার পর, **শিক্ষার্থীদের সে সময়ের প্রগতির** ভিত্তিতে প্রতিটি স্বতন্ত্র পাঠের পরিকল্পনা করতে হবে। আপনি জানেন পাঠগুলির ক্রমটির শেষে শিক্ষার্থীদের কী শেখা উচিত বা কী করতে পারা উচিত তবে আপনার কিছুটা অপ্রত্যাশিত বিষয় পুনরায় আলোচনা করতে বা আরও দ্রুত সামনে এগিয়ে যাওয়ার প্রয়োজন হতে পারে। সুতরাং প্রতিটি পাঠ অবশ্যই পরিকল্পিত হতে হবে যাতে আমাদের সমস্ত শিক্ষার্থী উন্নতি করতে পারে এবং নিজেদের সফল এবং অন্তর্ভুক্ত বলে মনে করতে পারে।

পাঠ পরিকল্পনাটির মধ্যে আপনার নিশ্চিত করা উচিত যে প্রতিটি ক্রিয়াকলাপের জন্য আপনার কাছে পর্যাপ্ত সময় রয়েছে।ব্যবহারিক কাজ বা সক্রিয় দলের কাজ গুলির জন্য যে কোনও উৎস/উপাদান প্রস্তুত রয়েছে। বড় আকারের শ্রেণিগুলির জন্য পরিকল্পনার অংশ হিসাবে আপনাকে পৃথক দলগুলির জন্য পৃথক প্রশ্ন এবং ক্রিয়াকলাপগুলির পরিকল্পনা করা প্রয়োজন।

নতুন একক উপস্থাপন করার সময় অনুশীলন করার জন্য এবং ধারণাগুলি নিয়ে সহকর্মীদের সাথে কথা বলার জন্য সময় করা প্রয়োজন যাতে আপনি আত্মবিশ্বাসী হতে পারেন।

আপনার পাঠগুলি তিনটি অংশে প্রস্তুত করার কথা চিন্তা করুন। এই অংশগুলি নীচে আলোচিত হল।

**1 ভূমিকা**

পাঠের শুরু হিসাবে শিক্ষার্থীদের কাছে তারা কী শিখবে এবং কী করবে তা ব্যাখ্যা করুন, এতে প্রত্যেকে তাদের থেকে কী প্রত্যাশিত তা জানতে পারবে। শিক্ষার্থীরা কী শিখতে চলেছে সে বিষয়ে তাদের আগ্রহী করে তুলতে তারা যা জানে তা নিয়ে মত বিনিময় করে নিতে বলুন।

**2 পাঠটির প্রধান অংশ**

শিক্ষার্থীরা ইতিমধ্যে যা জানে তার ভিত্তিতে বিষয়বস্তুটির রূপরেখা তৈরি করুন। আপনি স্থানীয় উপাদানগুলি / উৎসগুলি, নতুন তথ্য, সক্রিয়তাভিত্তিক বিভিন্ন পদ্ধতি (যার মধ্যে দলগত কাজ, সমস্যা সমাধানের কাজ ইত্যাদি পড়ে) ব্যবহার করার সিদ্ধান্ত নিতে পারেন। ব্যবহার করার জন্য উৎসগুলি এবং আপনি যেভাবে আপনার শ্রেণিকক্ষের স্থান ব্যবহার করবেন তা' শনাক্ত করুন। বিবিধ ক্রিয়াকলাপ, উৎস / সম্পদ এবং সময়কে ঠিকভাবে ব্যবহার করা পাঠের পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ অংশ। যদি আপনি বিভিন্ন পদ্ধতি এবং ক্রিয়াকলাপ ব্যবহার করেন তবে আপনি আরও বেশি শিক্ষার্থীর কাছে পৌঁছাতে পারেন কারণ তারা বিভিন্ন ভাবে শেখে।

**3 পাঠের সমাপ্তি ও মূল্যায়ন**

সবসময় কী পরিমাণ প্রগতি/অগ্রগতি হয়েছে তা যাচাই করার জন্য সময় দিন (হয় পাঠটি চলাকালীন বা এর শেষে)। যাচাই করার অর্থ সর্বদা পরীক্ষা নয়। সাধারণত এটি অতি দ্রুত শ্রেণিকক্ষে ঘটে – যেমন তাদেরকে পরিকল্পিত প্রশ্নগুলি জিজ্ঞেস করে বা তারা কী শিখেছে তা যখন উপস্থাপনা করে তখন তাদের পর্যবেক্ষণ করে। তবে আপনাকে নমনীয় হতে হবে এবং আপনি শিক্ষার্থীদের প্রতিক্রিয়াগুলি থেকে কী খুঁজে পান সেটি অনুসারে পরিবর্তন করতে হবে।

পাঠ শেষ করার একটি ভাল উপায় হল শুরুর উদ্দেশ্যগুলিতে ফেরা। শিক্ষার্থীরা একে অপরকে এবং শিক্ষককে তারা কি শিখেছে সে সম্বন্ধে যাতে জানাতে পারে তেমন সময় দিতে হবে। শিক্ষার্থীদের কাছ থেকে শোনা আপনাকে পরের পাঠের জন্য কি পরিকল্পনা করতে হবে সে সম্পর্কে নিশ্চিত করবে।

## পাঠগুলি পর্যালোচনা

প্রতিটি পাঠ পুনঃ আলোকপাত করে আপনি যা করেছিলেন ও আপনার শিক্ষার্থীরা কী শিখেছিল, কোন উৎসগুলি ব্যবহার করেছিলেন এবং কতটা ভালভাবে হয়েছিল তার একটি নথি রাখুন। এতে আপনি পরবর্তী পাঠগুলির জন্য পরিকল্পনার উন্নতি বা সংযোগ সাধন করতে পারেন। উদাহরণস্বরূপ, আপনি এগুলির সিদ্ধান্ত নিতে পারেন:

- অ্যাক্টিভিটিগুলির পরিবর্তন বা ভিন্নভাবে প্রকাশ
- মুক্ত বা বদ্ধ প্রশ্নগুলির (open and closed questions) একটি তালিকা প্রস্তুতকরণ
- যে শিক্ষার্থীদের অতিরিক্ত সহায়তা প্রয়োজন তাদের জন্যে একটি ফলো-আপ সেশন রাখা।

শিক্ষার্থীদের আরও ভালভাবে শিখতে সহায়তা করতে আপনি কী পরিকল্পনা করতে পারতেন বা করেছেন সে সম্পর্কে চিন্তা করা।

আপনার পাঠ পরিকল্পনাগুলি প্রতিটি পাঠে যাওয়ার সাথে সাথে অবশ্যই পরিবর্তিত হবে কারণ আপনি যা যা ঘটবে তার সবকয়টির পূর্বানুমান পেতে পারেন না। সুপরিকল্পনার অর্থ হবে আপনি কি শিক্ষাদান করতে চান তা জানা এবং তাদের বর্তমান জ্ঞান জেনে তাদের প্রকৃত শিক্ষাদানের জন্য প্রস্তুত হওয়া।

# সম্পদ 3: পঠন-পরবর্তী কার্যক্রমের উদাহরণ

প্রথমে 'A Different Kind of Duck' এই ছোট গল্পটি পড়ুন। তারপর পঠন-পরবর্তী কার্যক্রমের দিকে দৃষ্টি রাখুন।

## 'A Different Kind of Duck'

There was once a dog who wanted to be a duck. He lived on a farm with some ducks. Everywhere the ducks went, the dog went too.

The dog knew he did not look like a duck. Ducks have wings, and he didn't. Ducks' feet were big and flat, but his were small and round. Ducks had bills, but he had a little black nose. He was white like the ducks, but that was the only thing that was the same.


'I'll just be a different kind of duck,' said the dog.

One morning the dog was with the ducks when they took off into the air. The dog ran after them, calling, 'Come back, come back!' He jumped into the air and flapped his legs to fly, but he just fell down instead.

'This is no fun,' thought the dog. 'Maybe I should be happy just being a dog.'

## Worksheet

1. How is the dog different from the ducks in this story?
   a. The dog lived on a farm.
   b. The dog has a bill
   c. The dog has small, round feet.
2. What happened in the story that cannot happen in real life?
   a. The ducks swam in the water.
   b. The dog went everywhere with the ducks.
   c. The dog spoke to the ducks.
3. Fill in the Venn diagram (Figure R3.1) to show how the dog and the duck look alike and different from each other.




**চিত্র R3.1** ভেন রেখাচিত্র

4. What would happen if the dog had wings? What would happen if you had wings?

## Sentence completion

Complete the sentences below using the appropriate words: 'flew', 'fly', 'lived', 'tried', 'wanted', 'tried', 'knew', 'ran', 'run', 'barked' and 'bark'.

1. A dog and some ducks ____________ on a farm.
2. Ducks can ____________ while a dog can ____________.
3. The dog ____________ it cannot ____________, but it ____________ to.
4. When the ducks ____________ the dog ____________ behind them.

5. Though it ____________ the dog could not ____________. It thought, ‘Ducks cannot ____________ like me.’

In shared reading using a large text, you can ‘hide’ words and ask students to predict the word that is covered. You can also hide part of a word and ask students to predict the covered word based on the first letter they see. This is an effective way to help students focus on initial letter sounds of words. For example: ‘Ducks can f___ while a dog can r___.’

## Table completion


Make as many meaningful sentences as possible from Table R3.1.

***Table R3.1*** *Make as many meaningful sentences as possible from this table.*

<table>
<tr><td rowspan="2">Dogs</td><td rowspan="2">can</td><td>bark.</td></tr>
<tr><td>swim.</td></tr>
<tr><td rowspan="2">Ducks</td><td rowspan="3">cannot</td><td>run.</td></tr>
<tr><td>fly.</td></tr>
<tr><td>I</td><td>sing.</td></tr>
</table>

### Story wheel

Use the template in Figure R3.2 to make your story wheel. Write the title of the story in the centre circle. Draw pictures or write what the dog did and what the ducks did in the four quadrants of the outer circle. Have students tell their stories, using their story wheels.



**চিত্র R3.2** গল্পচক্র টেম্পলেট

You can make a story wheel with more sections. If you put a pin in the centre of the wheel and attach the wheel to a larger piece of paper, you can turn the wheel to show each section of the story (Figure R3.3). Students can also make paper arrows that point to each section of the story.



**চিত্র R3.3** গল্পচক্রের উদাহরণ

# অতিরিক্ত সম্পদসমূহ

- Karadi Tales: http://www.karaditales.com/
- National Book Trust India: http://www.nbtindia.gov.in/
- NCERT textbooks: http://www.ncert.nic.in/NCERTS/textbook/textbook.htm
- Teachers of India classroom resources: http://www.teachersofindia.org/en
- Butterfly - class III textbook of Government of West Bengal

# তথ্যসূত্র/গ্রন্থতালিকা


Bromley, H. (2000) *Book-based Reading Games*. London: Centre for Literacy in Primary Education.

Bryant, P. and Nunes, T (eds) (2004) *Handbook of Children’s Literacy*. Dordrecht: Kluwer Academic Publishers.

Dombey, H. and Moustafa, M. (1998) *Whole to Part Phonics: How Children Learn to Read and Spell*. London: Centre for Literacy in Primary Education.

Goswami U. (2010a) ‘Phonology, reading and reading difficulties’ in Hall, K., Goswami, U., Harrison, C., Ellis, S. and Soler, J. (eds) *Interdisciplinary Perspectives on Learning to Read*. London: Routledge.

Goswami U. (2010b) ‘A psycholinguistic grain size view of reading acquisition across languages’, in Brunswick, N., McDougall, S. and Mornay-Davies, P. (eds) *The Role of Orthographies in Reading and Spelling*. Hove: Psychology Press.

Graham, J. and Kelly, A. (2012) *Reading under Control: Teaching Reading in the Primary School*, 3rd edn. London: Routledge.

Hall, K., Goswami, U., Harrison, C., Ellis, S. and Soler, J. (eds) (2010) *Interdisciplinary Perspectives on Learning to Read: Culture, Cognition and Pedagogy*. London: Routledge.

# কৃতজ্ঞতাস্বীকার

তৃতীয় পক্ষের উপাদানগুলি ব্যতীত এবং অন্যথায় নীচে বর্ণিত না থাকলে এই সামগ্রীটি একটি ক্রিয়েটিভ কমনস অ্যাট্রিবিউশন শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ হয় (http://creativecommons.org/licenses/by-sa/3.0/)। নীচে স্বীকৃত উপাদানটি মালিকানাধীন এবং এই প্রকল্পের লাইসেন্সের অধীনে ব্যবহার করা হয় এবং ক্রিয়েটিভ কমনস লাইসেন্সের বিষয়বস্তু নয়। এর অর্থ এই উপাদানটি কেবল মাত্র TESS-ইন্ডিয়া প্রকল্পে অ্যাডাপ্ট না করেই ব্যবহার করতে পারা যায়, কোনও পরবর্তী OER সংস্করণগুলিতে পারা যায় না। এর মধ্যে TESS-ইন্ডিয়া, OU এবং UKAID লোগোগুলির ব্যবহার অন্তর্ভুক্ত।

এই ইউনিটে উপাদানটি পুনরুৎপাদনে অনুমোদন প্রাদনের জন্য নিম্নলিখিত উৎসগুলির প্রতি কৃতজ্ঞতা স্বীকার করা হয়:

চিত্র 1: http://www.peaceloveandfirstgrade.com/2013/07/tape-in-classroom.html

চিত্র 2: TESS- ইন্ডিয়ার জন্য গৃহীত। [Figure 2: taken for TESS-India.]

চিত্র R2.3: http://reading.ecb.org/downloads/sum_lp_StoryWheel.pdf

সম্পদ 1: 'একটি ছোট লাল মুরগি'(শিশুদের একটি জনপ্রিয় গল্প), কর্ণাটকে প্রাক-সেবা শিক্ষক শিক্ষা কলেজগুলিতে আমাদের প্রস্তুত করা প্রাথমিক শিক্ষক শিক্ষা হ্যান্ডবুকে আরভিইসি (RVEC) দ্বারা অঙ্গীকৃত এবং পুনর্লিখিত। [Resource 1: 'A Little Red Hen' (a popular children's tale) adapted and rewritten by RVEC as part of a handbook we had prepared for teacher educators of elementary pre-service teacher education colleges in Karnataka.]

সম্পদ 1: আরভিইসি (RVEC) দ্বারা উন্নীত 'শর্মার উপহার' (http://www.rvec.in/)। [Resource 1: 'Sharma's Present' developed by RVEC (http://www.rvec.in/).]

সম্পদ 3: 'একটি অন্য ধরণের হাঁস'(শিশুদের একটি জনপ্রিয় গল্প),কর্ণাটকে প্রাক-সেবা শিক্ষক শিক্ষা কলেজগুলিতে আমাদের প্রস্তুত করা প্রাথমিক শিক্ষক শিক্ষা হ্যান্ডবুকে আরভিইসি (RVEC) দ্বারা অঙ্গীকৃত এবং পুনর্লিখিত। [Resource 3: 'A Different Kind of Duck' (a popular children's tale) adapted and rewritten by RVEC as part of a handbook prepared for teacher educators of elementary pre-service teacher education colleges in Karnataka.]

কপিরাইট স্বত্বাধিকারীদের সাথে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বতভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।

ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।